



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।



স্মারক নং-উন্নয়ন/পোস্ট গ্র্যাজুয়েট কলেজ/৫২১(০১)/ইইডি/২০১১/

তারিখঃ ১৫ /১০/২০২০ খ্রিঃ।

বিষয়ঃ কাজ সম্পাদনের সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরও কাজ সম্পাদনে ব্যর্থ হওয়ায় নতুন কোন ক্রয়ে চুক্তি সম্পাদন না করা এবং পুনরায় নতুন অন্য কোন কাজের জন্য দরপত্র অনুমোদনে সুপারিশ না করা প্রসঙ্গে।

- সূত্র : ১। নির্বাহী প্রকৌশলী, ইইডি রংপুর এর পত্র সংখ্যা-শি:প্র:অ:/নি:প্র:/রং/২০২০/১৫২৫, তাং-২৬/০৯/২০২০ খ্রিঃ।
২। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০৭৩.০৪৬.২১.০০.০০১.২০১৮-২৫৯, তারিখ : ০৩/১০/২০১৯।
৩। সিপিটিউ এর পত্র সংখ্যা-২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.১৯-২০২, তারিখ : ১০/১০/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে “শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে জেলা সদরে অবস্থিত সরকারি পোস্ট গ্র্যাজুয়েট কলেজসমূহের উন্নয়ন (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় সরকারি কারমাইকেল কলেজের একশত শয্যা বিশিষ্ট ছাত্রাবাস নির্মাণ কাজের জন্য ৫৪৫ দিনে কার্য সম্পাদনের সময়সীমা নির্ধারণ পূর্বক ঠিকাদার মেসার্স এআর এন্ড এম,ই (জেভি), জুম্পাড়া, রংপুর এর সহিত চুক্তি সম্পাদিত হয়। চুক্তি মোতাবেক যথাসময়ে কাজ সমাপ্ত না করায় বর্ণিত কাজের ক্রয়কারী বিভিন্ন সময়ে কাজ সম্পাদনে তাগিদপত্র প্রদান করার পরেও ঠিকাদার কাজ সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করায় প্রকল্পের মূল্য উদ্দেশ্য ব্যাহত হচ্ছে।

এমতাবস্থায় চুক্তি পত্রের শর্ত মোতাবেক নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত না করায় বর্ণিত নির্মাণ কাজের জন্য যৌথ উদ্যোগ গঠনের মাধ্যমে চুক্তিবদ্ধ ঠিকাদার মেসার্স এআর এন্ড এম,ই (জেভি) এর মুখ্য অংশীদার মেসার্স আতিয়ার রহমান এন্ড কোং, জুম্পাড়া, রংপুর এবং অন্য অংশীদার মেসার্স মীম এন্টারপ্রাইজ, ধাপ ইঞ্জিনিয়ারপাড়া, রংপুর, উভয়কেই পরবর্তী নির্দেশনা না প্রদান করা পর্যন্ত শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সকল ক্রয়কারীকে উল্লেখিত দুই জন ঠিকাদার সহিত কোন ক্রয় কাজের চুক্তি সম্পাদন না করার জন্য নির্দেশনা প্রদান করা হল কিংবা অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট বর্ণিত দুই জন ঠিকাদারের দরপত্র অনুমোদনের জন্য সুপারিশ প্রেরণ না করার জন্য বলা হ’ল।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই পত্রটি জারি প্রদান করা হ’ল।

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
সকল সার্কেল।

০২। নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
সকল জেলা।

১৫/১০/২০২০

(মীর মুয়াজ্জেম হুসেন)
নির্বাহী প্রকৌশলী (ডেপুটি-২)
পক্ষে/-প্রধান প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।

স্মারক নং-উন্নয়ন/পোস্ট গ্র্যাজুয়েট কলেজ/৫২১(০৬)/ইইডি/২০১১/১৯২২

তারিখঃ ১৫/১০/২০২০ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, “শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে জেলা সদরে অবস্থিত সরকারি পোস্ট গ্র্যাজুয়েট কলেজসমূহের উন্নয়ন” শীর্ষক প্রকল্প, শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়।
- ৪। নির্বাহী প্রকৌশলী, ডেপুটি....., শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়।
- ৫। উপ-পরিচালক, প্রশাসন /অর্থ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়।
- ৬। সহকারী প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ’ল)
- ৭। মেসার্স আতিয়ার রহমান এন্ড কোং, জুম্পাড়া, রংপুর।
- ৮। মেসার্স মীম এন্টারপ্রাইজ, ধাপ ইঞ্জিনিয়ারপাড়া, রংপুর।
- ৯। অফিস কপি।

১৫/১০/২০২০

(মীর মুয়াজ্জেম হুসেন)
নির্বাহী প্রকৌশলী (ডেপুটি-২)
পক্ষে/-প্রধান প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।